# বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)

**Bangladesh Industrial Engineers' Association (BIEA)**

www.bieabd.com, E-mail: info@bieabd.com


সূত্রঃ বিআইইএ/পলিটেকনিক-বিবৃতি/কেন্দ্রীয় দপ্তর-২৫৪৫ তারিখঃ এপ্রিল ১৬, ২০২৫ খ্রি.

## বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)-এর পক্ষ থেকে পলিটেকনিক শিক্ষার্থীদের ন্যায্য ৬ দফা দাবির প্রতি পূর্ণ সমর্থন ও জাতীয় আহ্বানঃ-

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ) দেশের কারিগরি শিক্ষার ধারাবাহিক উন্নয়ন, দক্ষ মানবসম্পদ গঠন এবং শিল্প-প্রযুক্তি নির্ভর অর্থনীতি গড়ে তোলার ক্ষেত্রে একটি অগ্রণী পেশাজীবী সামাজিক সংগঠন হিসেবে দীর্ঘদিন ধরে কাজ করে আসছে। আমাদের দেশের পলিটেকনিক ও মনোটেকনিক ইনস্টিটিউট সমূহের শিক্ষার্থীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে উত্থাপিত ৬ দফা দাবি এদেশের কারিগরি শিক্ষা ব্যবস্থায় দীর্ঘদিনের অসমতা, অব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক বৈষম্যের বাস্তব প্রতিফলন।

কারিগরি শিক্ষা ব্যবস্থায় ন্যায়, স্বচ্ছতা ও দক্ষতা প্রতিষ্ঠায় ৬ দফা দাবির প্রতি পূর্ণ সমর্থনঃ এই ৬ দফা দাবির প্রতিটি পয়েন্টে রয়েছে প্রশাসনিক স্বচ্ছতা, শিক্ষা নীতির সামঞ্জস্য, যোগ্যতা-ভিত্তিক নিয়োগ, আন্তর্জাতিক মানদণ্ডে কারিকুলাম হালনাগাদ এবং উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণের প্রত্যাশা। আমরা বিশ্বাস করি, এগুলোর বাস্তবায়ন কারিগরি শিক্ষাকে আরও কার্যকর ও যুগোপযোগী করবে।

প্রকৌশলী সমাজ ও পেশাজীবী সংগঠনসমূহের প্রতি একাত্মতার আহ্বানঃ বিআইইএ আহ্বান জানাচ্ছে—দেশের সকল প্রকৌশলী, শিক্ষাবিদ, নীতিনির্ধারক, কারিগরি প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনসমূহ যেন এই ৬ দফা দাবিকে সমর্থন জানিয়ে জাতীয় স্বার্থে কণ্ঠ মেলান। আজকের শিক্ষার্থীরা আগামী দিনের প্রকৌশলী; তাঁদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠাই ভবিষ্যৎ বাংলাদেশকে প্রযুক্তিগতভাবে সমৃদ্ধ করবে।

আমাদের সদস্যদের সক্রিয় অংশগ্রহণের আহ্বানঃ বিআইইএ-এর সকল সদস্য, নেতৃত্ববৃন্দ ও শুভানুধ্যায়ী প্রকৌশলীদের প্রতি অনুরোধ—এই আন্দোলনে শিক্ষার্থীদের পাশে দাঁড়ান, মানববন্ধন ও গণতান্ত্রিক কর্মসূচিগুলোতে অংশগ্রহণ করুন, সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক প্রচারে সম্পৃক্ত থাকুন এবং পেশাজীবী ভূমিকা পালন করে ন্যায় ও অগ্রগতির পক্ষে বলিষ্ঠ অবস্থান গ্রহণ করুন।

সরকারের সংশ্লিষ্ট দপ্তরসমূহের প্রতি বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহণের অনুরোধঃ বিশেষভাবে শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, জনশক্তি ও কর্মসংস্থান মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নিকট আমরা বিনীতভাবে আহ্বান জানাই পলিটেকনিক শিক্ষার্থীদের ৬ দফা যৌক্তিক দাবিসমূহকে সময়োপযোগী বাস্তবতা হিসেবে গ্রহণ করুন। অগ্রাধিকার ভিত্তিতে এই দাবিগুলোর গঠনমূলক পর্যালোচনা ও দ্রুত বাস্তবায়নের জন্য একটি নীতি-পর্যায়ের টাস্কফোর্স গঠন করুন। সমস্যাগুলোকে রাজনৈতিক বা প্রশাসনিক দৃষ্টিকোণে না দেখে, একটি জাতীয় প্রযুক্তিগত উন্নয়ন ও মানবসম্পদ রূপান্তর পরিকল্পনার অংশ হিসেবে বিবেচনা করুন। আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে সম্মানজনক ও অন্তর্ভুক্তিমূলক সংলাপের মাধ্যমে সমাধান নিশ্চিত করুন।

গণমাধ্যম ও সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মসমূহের প্রতি তথ্যনির্ভর ভূমিকার অনুরোধঃ জাতীয় ও আঞ্চলিক গণমাধ্যম, টেলিভিশন, অনলাইন নিউজ পোর্টাল এবং সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীদের প্রতি আমাদের অনুরোধ—এই আন্দোলনের মূল দাবি ও প্রেক্ষাপট যথাযথভাবে তুলে ধরুন, যাতে জনগণ প্রকৃত তথ্য জানতে পারে এবং আন্দোলনটি ভুল ব্যাখ্যার শিকার না হয়। শিক্ষার্থীদের কণ্ঠস্বরকে শক্তিশালী করতে ভূমিকা রাখুন।

বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন দৃঢ়ভাবে বিশ্বাস করে, এই ৬ দফা আন্দোলন একটি সময়োপযোগী প্রযুক্তিগত শিক্ষাব্যবস্থার প্রয়োজনীয় রূপান্তরের প্রতিচ্ছবি। আমরা এই আন্দোলনকে শুধু শিক্ষার্থীদের আন্দোলন নয়, বরং একটি জাতীয় শিক্ষানীতির নতুন অধ্যায় সূচনার সম্ভাবনা হিসেবে দেখি। আমরা সকলে একযোগে কাজ করলে—একটি দক্ষ, প্রযুক্তি-নির্ভর, উৎপাদনমুখী বাংলাদেশ গড়া সম্ভব হবে। তাই আসুন, এই যৌক্তিক আহ্বানে আমরা সকলে সম্মিলিতভাবে সাড়া দিই।

ধন্যবাদান্তে,
আপনাদের একান্ত,

প্রকৌশলী মোঃ আকতারুজ্জামান হিরু
মহাসচিব
বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন (বিআইইএ)
মোবাইলঃ ০১৭১৫-৩৬০৫৬৩।

**"অধিকারের প্রশ্নে, আপোষ নয়—কারিগরি শিক্ষার মর্যাদা প্রতিষ্ঠায় অবিচল আমরা"**